# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 21-10-2025** **Time: 7.35 A.M**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) আদালতের এবং প্রশাসনিক নিষেধাজ্ঞা উপেক্ষা করে রাজ্যের বিভিন্ন জায়গায় গতকাল দিনভর শব্দবাজির তান্ডব লক্ষ্য করা যায়।

নিষিদ্ধ বাজি ফাটানো এবং উৎশৃঙ্খল আচরণের অভিযোগে কলকাতা পুলিশ মোট ৪৫ জনকে গ্রেফতার করেছে।

২) কালী প্রতিমা নিরঞ্জনের জন্য আজ থেকে ২৩-শে অক্টোবর পর্যন্ত পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করছে।

৩) কালী পুজোর উদ্বোধনে গিয়ে দক্ষিণ ২৪ পরগনার একাধিক জায়গায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর আক্রমণের ঘটনায় ১৫ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে।

৪) রাজ্যজুড়ে রেশন পরিষেবা ও ধান ক্রয় সংক্রান্ত অভিযোগের নিষ্পত্তিতে কেন্দ্রীয়ভাবে চালু করা হচ্ছে একটি হেল্প ডেস্ক সহ কল সেন্টার।

৫) দক্ষিণ আন্দামান সাগর ও সংলগ্ন দক্ষিণ পূর্ব বঙ্গোপোসাগরের উপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আজকের মধ্যে এটির নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আদালত এবং প্রশাসনিক নিষেধাজ্ঞা উপেক্ষা করে রাজ্যের বিভিন্ন জায়গায় গতকাল দিনভর শব্দবাজির তান্ডব লক্ষ্য করা যায়। রাত বাড়তেই বৃদ্ধি পায় এর মাত্রা । পুলিশ প্রশাসনের বেধে দেওয়া সময় পেরিয়ে গেলেও ভোর রাত পর্যন্ত দেদার ফেটেছে শব্দবাজি। কোথাও শব্দমাত্রা ছুঁয়েছে ৮৫ ডেসিবেল, কোথাও বা পৌঁছেছে ৯৬-এ। কেবলমাত্র পরিবেশবান্ধব সবুজ বাজি পোড়ানোর অনুমতি দেওয়া হলেও বাস্তবে চিত্রটা ছিল ভিন্ন। এর সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে দূষণ।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

নিষিদ্ধ বাজি ফাটানো এবং উৎশৃঙ্খল আচরণের অভিযোগে গতকাল রাত আটটা পর্যন্ত কলকাতা পুলিশ মোট ৪৫ জনকে গ্রেফতার করেছে। বাজেয়াপ্ত করা হয়েছে, ৫২২ কেজি নিষিদ্ধ বাজি।

সবুজ বাজি অন্যান্য বাজির তুলনায় ৩০ শতাংশ কম দূষণ ছড়ায় বলে তা ব্যবহারের বিষয়ে আদালত অনুমতি দিলেও, এক্ষেত্রে পরিবেশ এবং জনস্বাস্থ্যের ওপর সুদূর প্রসারী প্রভাব পড়ে বলে জানিয়েছেন, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়াম্যান ডক্টর কল্যাণ রূদ্র।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য প্রশাসনের অনুরোধে কালী প্রতিমা নিরঞ্জনের জন্য আজ থেকে ২৩ অক্টোবর পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করছে। এই সময় শিয়ালদা –বিবাদী বাগ এবং বিবাদী বাগ - বারুইপুর লোকাল বাতিল থাকছে। বারাসাত – মাঝেরহাট, দত্তপুকুর – মাঝেরহাট এবং নৈহাটি – বালিগঞ্জ লোকাল কলকাতা স্টেশনে যাত্রা শেষ করবে। ওই স্টেশনে থেকেই যাত্রা শুরু করবে

মাঝেরহাট – হাবড়া এবং মাঝেরহাট – বারাসাত লোকাল। নৈহাটি – মাঝেরহাট লোকাল ঘুরপথে চলবে। হাবড়া – মাঝের হাট লোকাল কাঁকুড়গাছি রোড জংশন-বালিগঞ্জ হয়ে মাঝেরহাট স্টেশনে যাবে।

মাঝেরহাট – দত্তপুকুর গ্যালপিং লোকাল বালিগঞ্জ স্টেশন থেকে ছাড়বে এবং বালিগঞ্জ – কাঁকুড়গাছি রোড হয়ে চলবে।

oooooooooooooooooooooo

কালীপুজো উপলক্ষ্যে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ ও আগামীকাল রাতে শহরতলীর বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন পরিষেবা দিচ্ছে। যেসব শাখায় রাত্রিকালীন এই বিশেষ পরিষেবা দেওয়া হচ্ছে সেগুলি হল শিয়ালদা-ডানকুনি, শিয়ালদা-বারাসাত, বনগাঁ-বারাসাত, শিয়ালদা-রানাঘাট এবং শিয়ালদা-বারুইপুর।

ooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার খড়দা থানা এলাকার ঈশ্বরীপুরে আজ ভোরে একটি রং-এর কারখানায় আগুন লাগে। দমকলের ২০-টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছে। এখনও পর্যন্ত হতাহতের কোন খবর নেই।

ooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের গোলপুকুর এলাকা থেকে আগ্নেয়াস্ত্র ও গুলি সমেত এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। টুকান অধিকারী নামে ওই ব্যক্তি দীর্ঘদিন ধরে এলাকায় তলাবাজি করতো বলে স্থানীয়দের দাবি। সে তৃণমূল কংগ্রেস করতো বলে এলাবাসীরা জানিয়েছে। এর আগেও অস্ত্র সহ গ্রেফতার করা হয়েছিল তাকে। বেশকিছুদিন জেলে ছিল সে।

মালদার বৈষ্ণনগরে ১ কোটি ৪ লক্ষ টাকার মাদক সমেত বিহারের বাসিন্দা এক মহিলাকে গ্রেফতার করেছে পুলিশ। ভাগলপুরের বাসিন্দা কাঞ্চন দেবীর কাছ থেকে উদ্ধার হয়েছে ১ কেজিরও বেশি ব্রাউন সুগার। কালিয়াচক থেকে সেই মাদক বিহারে পাচারের উদ্দেশে নিয়ে যাওয়া হচ্ছিল বলে পুলিশ জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে মহিলাদের কোন নিরাপত্তা নেই বলে ফের সরব হয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে গতকাল কালীপুজোর উদ্বোধনে গিয়ে তিনি  বলেন, মেয়েদের সুরক্ষায় মা-দূর্গার কাছ থেকে ত্রিশূল এবং মা-কালীর কাছ থেকে খড়্গ প্রার্থনা করেছেন তিনি।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কালী পুজোর উদ্বোধনে গিয়ে দক্ষিণ ২৪ পরগনার একাধিক জায়গায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর আক্রমণের ঘটনায় ১৫ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে বিরোধী দলনেতা জানিয়েছেন, এদের মধ্যে ৮ জন রায়দিঘি থানা এলাকার, ৫ জন মথুরাপুরের এবং দুজন মন্দিরবাজার থানা এলাকার বাসিন্দা। শুভেন্দুবাবুর অভিযোগ, গত রবিবার যেভাবে তাঁকে ঘিরে বিক্ষোভ দেখানো হয়েছে তা কোনো আকস্মিক ঘটনা নয়, তৃণমূল কংগ্রেসের ষড়যন্ত্র। তার বিস্তারিত সফরসূচী আগেই সুন্দরবন পুলিশ জেলার পুলিশ সুপারকে জানানো হয়েছিল। তাঁর নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য কলকাতা হাইকোর্টের নির্দেশ ছিল বলেও তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যজুড়ে রেশন পরিষেবা ও ধান ক্রয় সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, সহজ ও নাগরিক-বান্ধব করতে খাদ্য দফতর এক জানালা ব্যবস্থা চালু করছে। এর আওতায় কেন্দ্রীয় ভাবে একটি  হেল্পডেস্ক-সহ-কল সেন্টার চালু করা হবে, যার  মাধ্যমে রেশন পরিষেবায় যুক্ত নাগরিক ও ধান বিক্রয়কারী কৃষকেরা সরাসরি খাদ্য দপ্তরের সঙ্গে যোগাযোগ করে নিজেদের অভিযোগ ও সমস্যার কথা জানাতে পারবেন।

কেন্দ্রীভূত এই কল সেন্টার সপ্তাহে সাত দিন সকাল থেকে রাত পর্যন্ত টানা ১২ ঘণ্টা কাজ করবে। বাংলা, ইংরেজি ও হিন্দি– তিন ভাষাতেই তথ্য ও অভিযোগ সংক্রান্ত সহায়তা পাওয়া যাবে। হেল্পলাইন নম্বরগুলি হল ১৯৬৭, ১৪৪৪৫ এবং ১৮০০ ৩৪৫৫৫০৫। এর পাশাপাশি নাগরিকরা এসএমএস, হোয়াটসঅ্যাপ, ই-মেইল বা অনলাইন পোর্টালের মাধ্যমেও অভিযোগ জানাতে পারবেন।

দপ্তরের তরফে জানানো হয়েছে, প্রতিটি অভিযোগের জন্য পৃথক টিকিট নম্বর দেওয়া হবে, যাতে অভিযোগকারীরা সহজেই পরবর্তী আপডেট পেতে পারেন। অভিযোগের তথ্য বিশ্লেষণ করে নিয়মিত রিপোর্ট তৈরি করা হবে, যাতে বারবার পুনরাবৃত্ত সমস্যা বা প্রশাসনিক ঘাটতি চিহ্নিত করা যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান স্টেশনে পদপিষ্টের ঘটনার আট দিন পর আহত এক মহিলার মৃত্যু হয়েছে। হুগলির উত্তরপাড়ার বাসিন্দা ৫০ বছরের অপর্ণা মণ্ডল দুর্ঘটনার পর থেকেই ভর্তি ছিলেন বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে। আইসিইউ-তে চিকিৎসা চলাকালীন গতকাল তাঁর মৃত্যু হয়।

উল্লেখ্য, গত ১২ই অক্টোবর বর্ধমান স্টেশনে ট্রেন ধরতে সিঁড়ি দিয়ে নামার সময় হুড়োহুড়ির ঘটনায় পদপিষ্ট হয়ে ৮ যাত্রী আহত হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার আলিপুর থানা এলাকার বিদ্যাসাগর কলোনীতে বাড়ির আলমারি থেকে স্কুল ছাত্রীর দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গত রবিবার বাড়ির আলমারি থেকে ষষ্ঠ শ্রেণীর ওই পড়ুয়ার গলায় ফাঁস লাগানো দেহ উদ্ধার হয়। যানা গেছে ওই দিন বাড়িতে একাই ছিল মেয়েটি। অনেক ডাকাডাকির পর দরজা না খোলায় কোনমতে দরজা ভেঙে ফ্ল্যাটের ভেতরে ঢোকেন পরিবারের সদস্যরা।

এরপরই তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার বনগাঁ থানার ধর্মপুকুরিয়া বাজার সংলগ্ন এলাকায় কর্তব্যরত দুই সিভিক ভলেন্টিয়ারকে মারধরের অভিযোগে দুই যুবককে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত চিরঞ্জিত মন্ডল ও প্রমিত রায়কে গতকাল বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ৩ দিনের পুলিশ হেফাজত হয়েছে। জানা গেছে, রবিবার রাতে মদ্যপ অবস্থায় ওই যুবকদের ঘোরাফেরা করেতে দেখে দুই সিভিক ভলেন্টিয়ার তাদেরকে বাড়ি চলে যেতে বলেন।। এরপরই তাদের উপর চড়াও হয় অভিযুক্তরা।

oooooooooooooooooooooo

দক্ষিণ আন্দামান সাগর ও সংলগ্ন দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরের উপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আজ এটির নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। নিম্নচাপটি ক্রমশ পশ্চিম/উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে। তবে কলকাতায় আকাশ কিছুটা মেঘলা থাকলেও আগামী তিন দিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন ।

২৪ তারিখ থেকে কলকাতা সহ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ। হাল্কা বৃষ্টি হতে পারে উত্তরবঙ্গের বেশকিছু জেলাতে।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooo